

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

নম্বর : ৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৬-৯১

তারিখ : ০৯.০৫.২০১৬।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০২ (দুই) ক্যাটাগরির পদের নিয়োগ পরীক্ষার ফলাফল প্রকাশ।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজির “ইন্সট্রাক্টর (মেরিন টেকনোলজি)” এর ইলেকট্রিক্যাল গ্রুপ ও “ইন্সট্রাক্টর (মেরিন টেকনোলজি)” এর মেকানিক্যাল গ্রুপ (১ম শ্রেণি) এর পদে নিম্নে উল্লিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীদের বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করা হয়েছে :

ক) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজির “ইন্সট্রাক্টর (মেরিন টেকনোলজি)” এর ইলেকট্রিক্যাল গ্রুপ (১ম শ্রেণি)ঃ

রেজিঃ নং ০০০০২৮ = ০১ জন।

খ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর অধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজির “ইন্সট্রাক্টর (মেরিন টেকনোলজি)” এর মেকানিক্যাল গ্রুপ (১ম শ্রেণি) :

রেজিঃ নং ০০০০১৩ = ০১ জন।

২. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীদের নিয়োগ প্রদান করবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের জন্য প্রযোজ্য মুক্তিযোদ্ধা সনদ/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ/ ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শেখ শাখাওয়াৎ হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)